হরিণাকুন্ডুতে দু’দল গ্রামবাসীর মধ্যে সংঘর্ষে আহত শতাধীক

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে দু’দল গ্রামবাসীর সংঘর্ষে অন্তত শতাধীক লোক আহত হয়েছে। গতকাল রোববার বিকেলে উপজেলার চরপাড়া বাজারে এ ঘটনা ঘটে। খবর পেয়ে পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে মাঠে নামে বাংলাদেশ সোনাবাহিনী।

পুলিশ ও স্থানীয়রা জানায়, শনিবার বিকেলে হরিণাকুন্ডুর চরপাড়া বাজারে মাছ কেনাবেচা নিয়ে চরপাড়া ও শৈলকুপা উপজেলার মাইলমারি গ্রামের লোকজনের মাধ্যে বাক-বিতন্ডা ও হাতাহাতি হয়।

এছাড়া রোববার সকালে পার্শবর্তী পোড়াহাটি মাধ্যমিক বিদ্যালয়ের মাইলমারি গ্রামের দুই ছাত্রকে মারধর করে চরপাড়া গ্রামের ৩ বহিরাগত ছাত্র। এরই জের ধরে দুই গ্রামের লোকজন দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। ৩ ঘন্টার বেশি সময় ধরে চলা এই সংঘর্ষে উভয় পক্ষের অন্তত শতাধীক লোক আহত হয়েছে। খবর পেয়ে পুলিশ ও বাংলাদেশ সেনাবাহিনী ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। আহতদের উদ্ধার করে হরিণাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। এলাকায় উত্তেজনা থাকায় অতিরিক্তি পুলিশ মোতায়েন করা হয়েছে।

হরিণাকুন্ডু থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এম এ রউফ খান জানান, ঘটনার বিষয় শুনার পর চরপাড়া পুলিশ ক্যাম্পের সদস্যরা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করেও নিয়ন্ত্রণে না আনতে পারায় পরবর্তীতে হরিনাকুন্ডু থানা থেকে অতিরিক্ত পুলিশ সহ আমি নিজেই ঘটনাস্থানে যায়।

পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে না পারাই বাংলাদেশ সেনাবাহিনীনির সহযোগিতায় পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়। বর্তমানে এলাকার পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে।

মুজিবনগরে বসত ভিটার জায়গা নিয়ে সংঘর্ষে আহত-৪

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের ভবানীপুর গ্রামে বসতভিটার জায়গা নিয়ে আপন চাচা ভাতিজার সংঘর্ষে উভয়পক্ষের চারজন আহত হয়েছে।

স্থানীয় সূত্রে জানা যায়, খাইরুল ইসলামের বাড়ির সামনে কথাকাটাকাটির একপর্যায়ে মৃত ইয়াসিন আলীর ছেলে মুখলেছুর রহমান হামলা চালায় বলে অভিযোগ রয়েছে । পরে দুই পক্ষ সংঘর্ষে জড়িয়ে পড়ে।

সংঘর্ষে ভবানীপুর গ্রামে মৃত চমৎকার মন্ডল এর ছেলে খায়রুল ইসলাম(
৬০) খায়রুল ইসলামের ছেলে সাব্বির হাসান (২০) এবং মৃত ইয়াসিন মন্ডলের ছেলে মুকলেসুর রহমান (৫২) এবং আরোজ আলীর ছেলে আশিক ইসলাম (২০) আহত হয়।

স্থানীয়রা তাদের উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স এ নিয়ে আসে। মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত ডাক্তার তাদের প্রাথমিক চিকিৎসা শেষে খায়রুল ইসলাম ও ছেলে সাব্বির হাসানের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাদেরকে কুষ্টিয়া সরকারি মেডিকেল কলেজে রেফার্ড করেন। মোখলেসের পক্ষে আশিক মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স এ ভর্তি আছে।

সংঘর্ষের বিষয়ে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মিজানুর রহমান জানান, বিষয়টি আমি শুনেছি ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছিল পরিস্থিতি এখন স্বাভাবিক রয়েছে। এখনো কোনো পক্ষ থানায় কোন অভিযোগ দায়ের করেনি অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

চুয়াডাঙ্গায় বাস-পাখিভ্যানের সংঘর্ষে পাখিভ্যান চালকসহ নিহত-২

চুয়াডাঙ্গায় অজ্ঞাত বাস-পাখিভ্যানের সংঘর্ষে পাখিভ্যান চালকসহ দুজন নিহত হয়েছেন। আজ শুক্রবার ভোরে চুয়াডাঙ্গা সদর উপজেলার নয় মাইল নামক স্থানে এই দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন- সদর উপজেলা কুতুবপুর গ্রামের পাখিভ্যান চালক আব্দুর রাজ্জাক (৬০), ও পাখিভ্যানের যাত্রী চাল ব্যবসায়ী মাহম্মদজমা গ্রামের খন্দারপাড়ার সারোয়ার হোসেন (৭০)।

স্থানীয়রা জানান, দুই জন ব্যক্তি সিন্দুরিয়া থেকে চুয়াডাঙ্গা- ঝিনাইদাহ মহাসড়ক দিয়ে সরোজগঞ্জ বাজারে দিকে যাচ্ছিলেন।

তারা চুয়াডাঙ্গা সদর উপজেলার নয় মাইল বাজারের নিকট পৌঁছলে চুয়াডাঙ্গা থেকে ছেড়ে আসা অজ্ঞাত একটি গাড়ির ধাক্কা লাগে। এ সময় তারা উভয় সড়কের ওপর ছিটকে পড়লে তাদেরকে পিষ্ট করে অজ্ঞাত গাড়িটি দ্রুত সটকে পড়ে। অন্ধকার থাকায় গাড়িটি সনাক্ত সম্ভব হয়নি। পরে স্থানীয়রা ও চুয়াডাঙ্গা ফায়ার সার্ভিসের সদস্যরা নিহতদের মরদেহ উদ্ধার করেন।

চুয়াডাঙ্গা সদর থানার ওসি খালেদুর রহমান জানান, দুর্ঘটনায় দুজন নিহতের খবর পাওয়ার পর ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করা হয়। এ ঘটনায় আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

মেহেরপুর সদরের পাটকেলপোতায় ৬

নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলনে দুই গ্রুপের সংঘর্ষ

মেহেরপুর সদর উপজেলার পাটকেলপোতা গ্রামে ৬ নং ওয়ার্ড (পাটকেলপোতা, চাঁদপুর, পাটাপোকা, শিশির পাড়া) বিএনপি’র সম্মেলনে ওয়ার্ড কমিটি গঠন করাকে কেন্দ্র করে দুই গ্রুপের সংঘর্ষ হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে পাটকেলপোতা সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন আমবাগানে এ সংঘর্ষের ঘটনা ঘটে। ওয়ার্ড কমিটিতে সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করেন সামস্ ই আলম ও তাহাজ রহমান এবং সাধারণ সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করেন সকমান আলী ও জাফর আলী। কমিটিতে সামস্ ই আলম ও জাফর আলী এবং তাহাজ রহমান ও সকমান আলী এই দুই প্যানেলে প্রতিদ্বন্দিতা হয়।

কমিটি গঠনের শুরু থেকেই দুই গ্রুপের ভিতর পাল্টাপাল্টি অভিযোগ ওঠে উপস্থিত ভোটারদের ভিতরে আওয়ামী লীগের লোকজন আছে। এনিয়ে শুরু থেকেই উভয় গ্রুপের মধ্যে চাপা উত্তেজনা সৃষ্টি হয়। পরবর্তীতে ৬নং ওয়ার্ডের উপস্থিত ভোটারদের রেজিস্ট্রেশন শেষে বহিরাগতদের সরে যাওয়ার নির্দেশনা দেওয়া হয়।

বহিরাগতদের সরানো নিয়ে দুই গ্রুপের লোকজনদের ভিতরে শুরু হয় হাতাহাতি পরবর্তীতে রূপ ন্যায় মারামারিতে, বেঁধে যায় সংঘর্ষ। সংঘর্ষে উভয় গ্রুপের নেতাকর্মীরা আহত হয়। পরবর্তীতে কমিটি গঠন কার্যক্রম স্থগিত করা হয়।

কমিটি গঠন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য ওমর ফারুক লিটন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য হাফিজুর রহমান হাফি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি আজমুল হোসেন মিন্টু।

শৈলকুপায় আবারো দু’পক্ষের সংঘর্ষে ২৫ জন আহত

ঝিনাইদহের শৈলকুপায় আবারো দু’পক্ষের সংঘর্ষে কমপক্ষে ২৫ জন আহত হয়েছে। গতকাল শুক্রবার সকালে উপজেলার বিষ্ণুপুর গ্রামে এ ঘটনা ঘটে।

পুলিশ ও স্থানীয়রা জানায়, বিষ্ণুপুর গ্রামের স্থানীয় ইউপি সদস্য কপিল বিশ্বাসের সাথে রইচ উদ্দিন সমর্থকদের এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে বিরোধ চলছিল। এরই জেরে বৃহস্পতিবার রাতে উভয় পক্ষ সংঘর্ষে জড়ায় এতে অন্তত ১০ জন আহত হয়।

এরই জের ধরে শুক্রবার সকালে আবারো উভয় পক্ষের লোকজন দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে উভয় পক্ষের অন্তত ২৫ জন আহত হয়। ভাংচুর করা হয় বেশ কয়েকটি বাড়িঘর ও দোকানপাট। খবর পেয়ে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। আহতদের উদ্ধার করে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাসুম খান জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। সেখানে অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে। তবে তাৎক্ষণিক ভাবে কাউকে আটক করা যায়নি। তবে এরই জেরে গত বৃহস্পতিবার রাতে উভয় পক্ষ সংঘর্ষে জড়ায়।

কুষ্টিয়ায় বাস-মোটরসাইকেল সংঘর্ষে দুজন নিহত, আহত ১

কুষ্টিয়ায় যাত্রীবাহী একটি বাসের সঙ্গে মুখোমুখি সংঘর্ষে নয়ন ইসলাম (৩০) ও রনি ইসলাম (২৫) নামে মোটরসাইকেলের দুই আরোহী নিহত হয়েছেন। এ দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন মিজানুর রহমান নামে আরেক

ব্যক্তি।

শনিবার (১২ এপ্রিল) সকাল বেলায় সদর উপজেলার বটতৈল এলাকায় কুষ্টিয়া-ঝিনাইদহ মহাসড়কের বটতৈল জিএসএম ইঞ্জিনিয়ারিং-এর সামনে এই দুর্ঘটনা ঘটে।

নিহত নয়ন ইসলাম কুষ্টিয়া সদর উপজেলার দুর্বাচারা গ্রামের বাসিন্দা এবং রনি ইসলাম পার্শ্ববর্তী শালঘর-মধুয়া এলাকার বাসিন্দা। আহত মিজানুর রহমানও দুর্বাচারা গ্রামের। তারা তিনজনই কুষ্টিয়ার বিআরবি গ্রুপের অঙ্গ প্রতিষ্ঠান কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজে কর্মরত ছিলেন।

কুষ্টিয়া হাইওয়ে পুলিশের এসআই জয়দেব জানান, সকালে একটি মোটরসাইকেলে করে কর্মস্থলে যাচ্ছিলেন নয়ন, রনি ও মিজানুর। বটতৈল এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা গড়াই পরিবহনের একটি দ্রুতগতির বাস তাদের চাপা দেয়। ঘটনাস্থলেই নয়ন ও রনি মারা যান এবং মিজানুর গুরুতর আহত হন। তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

কুষ্টিয়া ফায়ার সার্ভিসের সিনিয়র কর্মকর্তা আরদেশ আলী জানান, তিনজন একটি মোটরসাইকেলে করে কর্মস্থলে যাচ্ছিলেন। পথে একটি গাড়িকে ওভারটেক করতে গিয়ে মোটরসাইকেলটি রাস্তার উল্টো পাশে চলে যায় এবং বিপরীত দিক থেকে আসা গড়াই পরিবহনের বাসের সঙ্গে সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই দুজন নিহত হন।

নিহতদের মরদেহ কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

দামুড়হুদায় জমি সংক্রান্ত বিরোধে সংঘর্ষ, নারীসহ আহত ২২

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার উত্তর চাঁদপুর জোড়াতলা মাঠে জমি-জমা সংক্রান্ত বিরোধের জেরে সংঘর্ষের ঘটনা ঘটেছে।

মঙ্গলবার (৮ এপ্রিল) সকাল ১০টার দিকে এ ঘটনায় উভয় পক্ষের অন্তত ২২ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে বেশ কয়েকজন নারীও রয়েছেন। আহতদের

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহতরা হলেন: শাখাওয়াত হোসেন (৩৫), মিলন হোসেন (৩০), রকিবুল রহমান (৩৮), মাহাবুবুর রহমান (৪০), তানভির (২৫), আব্দুল আলিম (৩৫), ইউনুস আলী (৫০), রশিদা খাতুন (৪০), আছিয়া খাতুন (৩০), হায়দার আলী (৫০), হাসিবুর রহমান (১৯), শহিদ (১৮), ইনামুল (২২), শরিফুল ইসলাম (৩৫), রফিকুল ইসলাম (৫০), বাবলু (৪০), জুবায়ের হোসেনসহ আরও কয়েকজন।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, উত্তর চাঁদপুর গ্রামের জোড়াতলা মাঠে ২৪ শতক জমি নিয়ে দীর্ঘদিন ধরে একই গ্রামের সামসুল হকের ছেলে হায়দার আলী ও মৃত আফসার আলীর ছেলে আব্দুল হালিমের মধ্যে বিরোধ চলছিল। বিষয়টি আদালত পর্যন্ত গড়িয়েছে। আজ সকাল ১০টার দিকে হালিম গং ওই জমিতে পাট বুনতে গেলে প্রতিপক্ষের সঙ্গে সংঘর্ষ বাধে। এতে উভয় পক্ষের প্রায় ২০-২২ জন আহত হন।

খবর পেয়ে দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি দল ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বর্তমানে এলাকায় থমথমে পরিবেশ বিরাজ করছে।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. ফাহামিদা আক্তার রুনা বলেন, “সকাল থেকেই আহত রোগীরা আসছেন। এখন পর্যন্ত ১৫-১৬ জনকে ভর্তি করা হয়েছে। গুরুতর আহত কয়েকজনকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠানো হয়েছে।”

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবীর বলেন, “ঘটনার খবর পেয়ে আমরা তাৎক্ষণিকভাবে ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনি। এখন পর্যন্ত কোনো পক্ষ থানায় লিখিত অভিযোগ দেয়নি। অভিযোগ পেলে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।”

গাংনীতে মোটরসাইকেল ও বাইসাইকেলের মুখোমুখি সংঘর্ষ, শিক্ষার্থী নিহত

মেহেরপুরের গাংনীতে মোটরসাইকেল ও বাইসাইকেলের মুখোমুখি সংঘর্ষে জাভেদ আলী (১৫) নামের এক শিক্ষার্থী নিহত হয়েছে।

বৃহস্পতিবার সন্ধ্যায় ধানখোলা ইউনিয়নের ভাটপাড়া–কচুইখালী সড়কে এই দুর্ঘটনা ঘটে।

জাভেদ আলী গাংনী উপজেলার কসবা গ্রামের শাহিন আলীর ছেলে।

স্থানীয়রা জানিয়েছেন, ভাটপাড়া ও কচুইখালির মধ্যবর্তী জায়গায় মোটরসাইকেল ও সাইকেলের মুখোমুখি সংঘর্ষে জাভেদ আলী গুরুতর আহত হন। স্থানীয়রা তাঁকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেন। সেখানে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। সেখানেও তার অবস্থা আরও অবনতি হলে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়।

ঢাকায় নেওয়ার পথে আজ সোমবার (৩১ মার্চ) ভোররাতে ঢাকার অদূরে তার মৃত্যু হয়।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানি ইসরাইল জানিয়েছেন, দুর্ঘটনার সংবাদ পেয়েছি। আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

মহেশপুরে জামায়াত ও বিএনপির

কর্মীদের সংঘর্ষে ৬ জন আহত

ঝিনাইদহের মহেশপুরে বিএনপি ও জামায়াতের কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে অন্তত ৬ জন আহত হয়েছে। গতকাল বুধবার রাতে মহেশপুর উপজেলার শ্যামকুড় মাদ্রাসা মোড় এলাকায় এ ঘটনা ঘটে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, বুধবার মহেশপুরের ভৈরবা বাজারে বিএনপি’র প্রতিবাদ সমাবেশ শেষ করে বাড়ি ফেরার পথে শ্যামকুড় বাজার মাদ্রাসা মোড় এলাকায় পৌঁছালে জামায়াত কর্মীদের সঙ্গে বিএনপির সমর্থকদের কথা কাটাকাটি হয়। একপর্যায়ে তারা সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে শ্যামকুড় গ্রামের দেলোয়ার হোসেনের ছেলে জামায়াত কর্মী আব্দুল মুন্না, আবুল কাসেম ও শ্যামপুর নিন্দা পাড়ার মৃত গোলাম নবীর ছেলে বিএনপির সমর্থক শরিফুল ইসলাম গুরুতর আহত হয়। সেখান থেকে তাদেরকে উদ্ধার করে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ভর্তি করা হয়েছে।

মহেশপুর থানার ওসি ফয়েজ উদ্দিন বলেন, গতকাল একটি মারামারির ঘটনা ঘটেছিলো। এখন পর্যন্ত কেউ কোন অভিযোগ দেয়নি। উভয় পক্ষ বিষয়টি সমাধান করার চেষ্টা করছে।

ঝিনাইদহের শৈলকুপায় দু’পক্ষের সংঘর্ষে ২০ জন আহত

ঝিনাইদহের শৈলকপায় পাওনা টাকা চাওয়াকে কেন্দ্র করে দু’পক্ষের সংঘর্ষে অন্তত ২০ জন আহত হয়েছে।

বুধবার সকালে শৈলকুপা উপজেলার উমেদপুর ইউনিয়নের বারইপাড়া গ্রামে এ সংঘর্ষের ঘটনা ঘটে। এলাকায় উত্তেজনা থাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

স্থানীয়রা জানান, বারইপাড়া গ্রামের মন্টু মোল্লা একই গ্রামের লিখন হোসেনের কাছে জমিতে হালচাষ করা বাবদ এক হাজার টাকা পেত।

মঙ্গলবার রাতে সেই টাকা চাওয়া নিয়ে দু’জনের মাঝে বাক-বিতন্ডা হয়। তারই জের ধরে বুধবার সকালে দু’পক্ষের লোকজন দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে দু’পক্ষের অন্তত ২০ জন আহত হয়।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। আহতদের উদ্ধার করে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। এদের মধ্যে স্বপন বিশ্বাস নামের একজনের অবস্থা গুরুতর হওয়ায় উন্নত চিকিৎসার জন্য তাকে ফরিদপুর মেডিকেলে রেফার্ড করা হয়েছে।

শৈলকুপা থানার ওসি মাসুম খান জানান, দু’দলের সংঘর্ষে কয়েকজন আহত হয়েছে। সেখানে পুলিশ পাঠিয়ে পরিস্থিতি শান্ত করেছি। এলাকায় উত্তেজনা থাকায় পুলিশ অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।